# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর প্রকল্পসমূহের জানুয়ারি, ২০২৬ খ্রিঃ এর অগ্রগতি

| ক্রমিক নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত মূল্য ও সম্ভাব্য COD | প্রকল্পের লোকেশন | নেট আউটপুট | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|
| ০১ | পটুয়াখালী ১৩২০ (৬৬০×২) মেঃওঃ কয়লা ভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প।<br><br>**প্রাক্কলিত মূল্য:**<br>প্রকল্পের প্রাক্কলিত মূল্য USD ১,৫৭৩,৬৪০,৯৯২.০০ +<br>BDT ২,২০৬,৩৭৩,১৩৩.০০ | মৌজাঃ নিশানবাড়ীয়া, ধানখালী ও লোন্দা ইউনিয়নঃ ধানখালী উপজেলাঃ কলাপাড়া জেলাঃ পটুয়াখালী। | নেট আউটপুট- ৬২২× ২ =১২৪৪ মেঃওঃ | • গত ০২.০১.২০২৫ খ্রিঃ তারিখে ১ম ইউনিট ও গত ১৭.০২.২০২৫ খ্রিঃ তারিখে ২য় ইউনিট জাতীয় গ্রিড হতে ৪০০ কেভি লেভেলে Startup Power প্রাপ্তির পর Testing Commissioning এর কাজ শুরু হয়।<br>• গত ১৯.০১.২০২৫ খ্রিঃ ০০:১০ ঘটিকা থেকে ১ম ইউনিট জাতীয় গ্রিডে পরীক্ষামূলকভাবে বিদ্যুৎ সরবরাহ শুরু করেছে। গত ২৩.০৯.২০২৫ খ্রিঃ থেকে ২৯.০৯.২০২৫ খ্রিঃ পর্যন্ত ১ম ইউনিটের (৬৬০ মেঃ ওঃ) Reliablity Run Test (RRT) এবং গত ২৪.০৯.২০২৫ খ্রিঃ তারিখে Dependable Capacity Test (DCT) সম্পন্ন হয়েছে ।<br>• গত ০৯.০৪.২০২৫ খ্রিঃ ১০:৩৭ ঘটিকা থেকে ২য় ইউনিট জাতীয় গ্রিডে পরীক্ষামূলকভাবে বিদ্যুৎ সরবরাহ শুরু করেছে, Testing Commissioning এর কাজ চলমান রয়েছে এবং Reliablity Run Test (RRT) এবং Dependable Capacity Test (DCT) এর জন্য প্রস্তুত রয়েছে।<br>• এ পর্যন্ত নেট ২,২৮৮,৪০৯,৯৩০ কিলোওয়াট-ঘণ্টা বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করা হয়েছে।<br>• প্রকল্প এলাকার নিরাপত্তার জন্য ইপিসি ঠিকাদার কর্তৃক ১২৮ জন নিরাপত্তা প্রহরী, আরএনপিএল কর্তৃক ২১০ জন বেসরকারি নিরাপত্তাকর্মী এবং ৬০ জন আনসার সদস্য নিয়োজিত আছেন। এছাড়াও ১২ জন সেনাবাহিনী সদস্য, ২৭ জন পুলিশ সদস্য প্রকল্প এলাকায় সার্বক্ষণিক অবস্থান পূর্বক প্রকল্প এর সার্বিক নিরাপত্তা নিশ্চিত করণে কাজ করে যাচ্ছেন।<br>• বর্তমানে প্রকল্প সাইট এ ইপিসি ঠিকাদার এবং অপারেশন এন্ড মেইনটেনএন্স ঠিকাদারের অধীনে বিদেশি ৩৮৫ জন ও বাংলাদেশী ৭০১ জন সহ সর্বমোট ১০৮৬ জন কর্মরত রয়েছে।<br>• Testing & Commissioning এর জন্য দুইটি চুক্তির আওতায় সর্বমোট ১,২৩৭,২৭০ মেঃ টন কয়লা (Carpet Coal সহ) আমদানি সম্পন্ন হয়েছে। পর্যাপ্ত কয়লা মজুদ না থাকায় এবং রক্ষণাবেক্ষণের কারণে বিদ্যুৎ কেন্দ্রটি গত ১২.০১.২০২৬ ইং তারিখে Shutdown করা হয়েছে।<br>• বিদ্যুৎ বিভাগের নির্দেশনা অনুযায়ী হাইকোর্টের চলমান আইনি প্রক্রিয়া বিবেচনায় রেখে প্রচলিত বিধি বিধান অনুসরণপূর্বক জরুরি ভিত্তিতে স্বল্প মেয়াদে কয়লা ক্রয়ের জন্য আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হয়েছে। এছাড়াও অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসাবে জরুরি ভিত্তেতে কয়লা যোগানের প্রয়োজনীয় ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।<br>• **প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৬.০০% এবং আর্থিক অগ্রগতি ৮৩.৫৪%।**<br>• গত ২৩.০৯.২০২৫ খ্রিঃ থেকে ২৯.০৯.২০২৫ খ্রিঃ পর্যন্ত ১ম ইউনিটের (৬৬০ মেঃ ওঃ) Reliability Run Test (RRT) এবং গত ২৪.০৯.২০২৫ খ্রিঃ তারিখে Dependable Capacity Test (DCT) সফলভাবে সম্পন্ন হয়েছে, কিন্তু এখনো বিউবো কর্তৃক IOD ঘোষণা করা হয়নি। গত ২১.১২.২০২৫ ইং তারিখে IOD ঘোষণার জন্য তাগাদা দিয়ে বিউবোকে পত্র প্রেরণ করা হয়েছে।<br>• গত ০২.০২.২০২৬ ইং তারিখে COD এর সময় ৩০.০৪.২০২৬ পর্যন্ত বর্ধিত করার জন্য বিউবোকে পত্র মারফত অনুরোধ জানানো হয়েছে।<br><br>**সহযোগী প্রকল্পঃ ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন এবং পুনর্বাসন প্রকল্প এর জানুয়ারি ,২০২৬ পর্যন্ত সময়ের অগ্রগতি নিম্নরূপঃ**<br>• প্রকল্পটি জুলাই, ২০২২ খ্রিঃ এ সমাপ্ত হয়েছে। |

| ক্রমিক নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত মূল্য ও সম্ভাব্য COD | প্রকল্পের লোকেশন | নেট আউটপুট | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|
| ০২ | ময়মনসিংহ ৩৬০ (±১০%) মেঃওঃ ডুয়েল ফুয়েল (গ্যাস/এইচএসডি) কম্বাইড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প।<br><br>**প্রাক্কলিত মূল্য:** ২১৭৫.৬১ কোটি টাকা<br><br>**সম্ভাব্য COD:** সেপ্টেম্বর, ২০২৬ | লালকুঠি দরবার শরীফ, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ-২২০০ | নেট আউটপুট-<br><br>গ্যাস: ৪২০ মেঃওঃ<br><br>এইএসডি: ৩৭৫ মেঃওঃ | • প্রকল্পের ইপিসি ঠিকাদার হিসেবে Harbin Electric International Co. Ltd., China এর সাথে চুক্তি সম্পাদিত হয় যা ১২.০১.২০২২ খ্রি. তারিখ হতে কার্যকর হয়।<br>• বাউন্ডারি ওয়াল ও এমব্যাংকমেন্ট স্লোপের সম্পূর্ণ কাজ সম্পন্ন হয়েছে।<br>• গ্যাস টারবাইন, স্টীম টাবাইন,এইচআরএসজি, জেনারেটর ও ট্রান্সফর্মারসহ সকল মেজর আইটেম প্রকল্প সাইটে অবস্থান করছে।<br>• গ্যাস টারবাইন ও জেনারেটর ইরেকশন ও ইন্সটলেশনের কাজ শেষ হয়েছে, ইন্সট্রুমেন্টেশন ও কন্ট্রোলিং এর কাজ চলমান। গ্যাস টারবাইনের বেস মডিউল ও ডুয়েল ফুয়েল মডিউল এর ইন্সটলেশনের কাজ সম্পন্ন হয়েছে। গ্যাস টারবাইন হলের কম্প্রেসড এয়ার পাইপ ইন্সটলেশনের কাজ হয়েছে। গ্যাস টারবাইন হলের ফায়ার ফাইটিং এর কাজ শেষ হয়েছে, এবং ভেন্টিলেশনের কাজ শেষ হয়েছে।<br>• স্টীম টারবাইন এর লো, মিডিয়াম এবং হাই প্রেসার টারবাইন ইন্সটলেশন সম্পন্ন হয়েছে, স্টিম টারবাইন জেনারেটর এর রোটর ইন্সটলেশনের কাজ চলমান রয়েছে। বিওপি ও অক্সিলিয়ারি ইন্সটলেশনের কাজ চলমান। স্টিম পাইপলাইনের কাজ চলমান রয়েছে।<br>• এইচআরএসজি এর লো, মিডিয়াম এবং হাই প্রেসার মডিউল, ড্রাম, পাইপলাইন এবং ড্রেইন পাইপ ইনস্টলেশনের কাজ ও এইচআরএসজি ফীড ওয়াটার পাম্প ও সারকুলেটিং ওয়াটার পাম্প ইন্সটলেশন সম্পন্ন হয়েছে। ইলেক্ট্রিক্যাল ও আই এন্ড সি এর কাজ চলমান রয়েছে।<br>• এইচ এসডি ওয়েল ট্যাংক, ডেমিনারেলাইজড এবং আলট্রা ফিল্ট্রেশন ট্যাংক, রিভার্স ওসমোসিস ট্যাংক এর হাইড্রোস্টেটিক প্রেসার টেস্ট এর কাজ সম্পন্ন হয়েছে। এইচ এসডি ওয়েল ট্যাংক এর স্যান্ড ব্লাস্টিং সম্পন্ন এবং ফাইনাল পেইন্টিং এর কাজ চলমান।<br>• কেমিক্যাল এবং ওয়াটার ট্রিটমেন্ট বিল্ডিং এর ইকুইপমেন্ট ইন্সটলেশন সম্পন্ন এবং পাইপলাইন ও ইন্সট্রুমেন্টেশনের কাজ চলমান।<br>• এ আই এস সাবস্টেশনের ইকুইপমেন্ট ইন্সটলেশনের কাজ সম্পন্ন হয়েছে, প্রিকমিশনিং এর কাজ সম্পন্ন। ডিসি ইউপিএস ও ব্যাটারি কমিশনিং সম্পন্ন, ডিসিএস সহ প্লান্ট এর অন্যান্য বিল্ডিং এর প্যানেল ইন্সটলেশন, ক্যাবল লেইং, টারমিনেশনের এবং সমগ্র প্লান্টের আর্থিং ও গ্রাউন্ডিং এর কাজ চলমান।<br>• বিভিন্ন বিল্ডীং ও স্ট্রাকচার এর টাইলস, পেইন্টিং ও ফিশিং কাজ চলমান রয়েছে।<br>• অদ্যাবধি ৬১ টি Shipment সম্পন্ন হয়েছে। ৩ টি Shipment এর কার্যক্রম চলমান রয়েছে।<br>• আর্থিক অগ্রগতিঃ ৭১.৭৪% এবং ভৌত অগ্রগতিঃ ৮৭.৭০%( ইপিসি কাজের)। |
| ০৩ | ময়মনসিংহ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য ধনুয়া হতে ময়মনসিংহ পর্যন্ত গ্যাস পাইপলাইন নির্মাণ প্রকল্প<br><br>**প্রাক্কলিত মূল্য:** ৫৫৩.১৬৪৮ কোটি টাকা<br><br>**প্রকল্প সমাপ্তির তারিখ:** জুন, ২০২৬ | উপজেলাঃ শ্রীপুর জেলাঃ গাজীপুর।<br><br>উপজেলাঃ ময়মনসিংহ সদর,ত্রিশাল,ভালুকা জেলাঃ ময়মনসিংহ। | - | • ময়মনসিংহ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য ধনুয়া হতে ময়মনসিংহ পর্যন্ত গ্যাস পাইপলাইন নির্মাণ প্রকল্পঃ<br>• ময়মনসিংহ জেলার ভালুকা, ত্রিশাল ও ময়মনসিংহ সদর উপজেলা এবং গাজীপুর এর শ্রীপুর উপজেলার অধিগ্রহণতব্য ভূমির চূড়ান্ত প্রাক্কলন পাওয়া গিয়েছে। ভালুকা ও ত্রিশাল উপজেলায় ৮ এর ৩(ক) ধারা নোটিশ জারি করা হয়েছে। শ্রীপুর ও ময়মনসিংহ সদর উপজেলায় ৮ এর ৩(ক) ধারা নোটিশ জারির অপেক্ষায় রয়েছে।<br>• ময়মনসিংহ জেলার ভালুকা, ত্রিশাল ও ময়মনসিংহ সদর উপজেলা এবং গাজীপুর এর শ্রীপুর উপজেলার হুকুমদখলতব্য ভূমির ২০(১) ধারা নোটিশ জারি করা হয়েছে।<br>• এইচডিডি পদ্ধতিতে ৮০০ মি. নদী ক্রসিং কার্যটির মাঠ পর্যায়ে কাজ শুরু হয়েছে। এছাড়া অরিফিস মিটার রান এবং ২০ ইঞ্চি ব্যাসের ৫৮ কিমি পাইপলাইন নির্মাণ কাজ ৩টি সেকশনে সম্পাদনের জন্য ঠিকাদার নিয়োগের লক্ষ্যে আহবানকৃত পুনঃদরপত্রের মূল্যায়ন কাজ সমাপ্ত হয়েছে যা চুক্তি স্বাক্ষরের অপেক্ষায় রয়েছে।<br>• জিটিসিএল কর্তৃক পাইপলাইন নির্মাণ সামগ্রীর ৬ টি প্যাকেজের ক্রয় কার্য সম্পন্ন হয়েছে। |

| ক্রমিক নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত মূল্য ও সম্ভাব্য COD | প্রকল্পের লোকেশন | নেট আউটপুট | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|
| | | | | • গত ০১.০২.২০২৬ খ্রিঃ তারিখে পিইসি সভার সিদ্ধান্ত অনুসারে পুনর্গঠিত ১ম সংশোধিত ডিপিপি বিদ্যুৎ বিভাগে দাখিল করা হয়েছে।<br>• প্রকল্প শুরু হতে জানুয়ারি ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত আর্থিক অগ্রগতি ৮৪.৮৭% এবং ক্রমপুঞ্জিভূত ভৌত অগ্রগতি ৬৯.৭০%। |
| ০৪ | জামালপুর জেলার মাদারগঞ্জে ১০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ<br><br>**অর্থায়নঃ** LoC-III, আরপিসিএল ও জিওবি<br>**প্রাক্কলিত মূল্য:** ১৫১১৭৯.৩৬ লক্ষ টাকা<br><br>**১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য:** ১৫১০১৬.৩৭ লক্ষ টাকা<br><br>**সম্ভাব্য COD:** ডিসেম্বর, ২০২৬ | মৌজাঃ কাইজার চর<br>ইউনিয়নঃ জোড়খালী<br>উপজেলাঃ মাদারগঞ্জ<br>জেলাঃ জামালপুর। | নেট আউটপুট- ১১০ মেঃওঃ | • সৌর বিদ্যুৎ প্রকল্পের ইপিসি ঠিকাদার Amara Raja - Premier Solar JV কর্তৃক ইতোমধ্যে ৩০৫ একর ভূমির উন্নয়ন ও বাঁধ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বাঁধের ব্লক প্লেসিং, অবশিষ্ট ভূমির উন্নয়ন ও ড্রয়িং-ডিজাইন প্রণয়নের কাজ চলমান। ঠিকাদার কর্তৃক ১০০ মেঃওঃ (ডিসি) সোলার প্যানেল সরবরাহ করা হয়েছে। সোলার প্যানেলের মডিউল মাউন্টিং স্ট্রাকচার চট্টগ্রাম বন্দর হতে প্রকল্প সাইটে স্থানান্তর করা হয়েছে। এছাড়া বাকী মালমাল ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে।<br>• প্রকল্পের ১৩২ কেভি ট্রান্সমিশন লাইন নির্মাণ কাজের ইপিসি ঠিকাদার JVCA of XEEC-WPS কর্তৃক ১৫৫টি টাওয়ারের মধ্যে ১৪৫ টি টাওয়ার পাইলিং এর কাজ শেষ হয়েছে এবং ৮৭ টি টাওয়ারের পাইল ক্যাপ কাস্টিং এবং ৫৫ টি টাওয়ারের ইরেকশনের কাজ সম্পন্ন হয়েছে।<br>• প্রকল্পের পুনর্বাসন কাজের ঠিকাদার Khokan Construction & Engineering Ltd. কর্তৃক পুনর্বাসনের ৮৮ টি বাড়ি নির্মাণ কাজ সম্পন্ন করত: তা ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে হস্তান্তর করা হয়েছে। অবশিষ্ট অবকাঠামো (মসজিদ, মার্কেট হেলথ কেয়ার সেন্টার) এর নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>• প্রকল্পের পুনর্বাসনের আওতায় অতিরিক্ত ৩২ টি বাড়ি নির্মাণ কাজের ঠিকাদার মেসার্স এম.আর. কন্সট্রাকশন কর্তৃক বাড়ি ও ড্রেইনেজ নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>• প্রকল্পের বিশেষ সংশোধিত ডিপিপি গত ২৯.০৬.২০২৫ খ্রি. তারিখে বিদ্যুৎ বিভাগে দাখিল করা হয়েছে।<br>• আগস্ট, ২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিতভূত আর্থিক অগ্রগতি ৩৮.৩৪% এবং ক্রমপুঞ্জিতভূত ভৌত অগ্রগতি ৫৬.৪৫%।<br>• বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয়ের নির্দেশক্রমে গত ২০.০৮.২০২৫ খ্রিঃ তারিখ থেকে জামালপুর জেলার মাদারগঞ্জে ১০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের সকল কার্যক্রম বন্ধ ছিল। বিদ্যুৎ বিভাগের স্মারক নং- ২৭.০০.০০০০.০০০.০৮৩.১৫.০০০৩.২০.৩৪, তারিখঃ ০৫.০২.২০২৬ খ্রিঃ মোতাবেক উক্ত প্রকল্পের কার্যক্রম দ্রুত শুরু করা এবং আরডিপিপি প্রণয়নের নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনা মোতাবেক প্রকল্পের কাজ দ্রুত শুরু করার লক্ষ্যে কাজ চলমান রয়েছে। |
| ০৫ | গজারিয়া ৬০০ মেঃওঃ কম্বাইড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (ফেজ -১)<br><br>**পিডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য:** ৫,১৮,৬৩২.৯৪ লক্ষ টাকা<br>**সম্ভাব্য COD:** ডিসেম্বর, ২০৩৪ | মৌজাঃ ষোলআনী ও দৌলতপুর<br>ইউনিয়নঃ ইমামপুর<br>উপজেলাঃ গজারিয়া<br>জেলাঃ মুন্সিগঞ্জ। | ৬০০ মেঃওঃ | • গজারিয়া ৬০০ মেঃওঃ কম্বাইড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে আরপিসিএল কর্তৃক অধিগ্রহণকৃত ও উন্নয়নকৃত ২৫৪.০১ একর ভূমির মধ্যে ৪৫ একর জমি নির্ধারণ করা হয়েছে।<br>• প্রকল্পের Feasibility Study, IEE Study ও Route Survey জাপানের Ministry Economy Trade and Industry কর্তৃক ২০১৯ সালে সম্পন্ন হয়েছে।<br>• বিদ্যুৎ বিভাগ কর্তৃক পিডিপিপি প্রক্রিয়াকরণের নিমিত্ত পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>• গত ০৬ আগস্ট ২০১৮ খ্রিঃ তারিখে পেট্রোবাংলা কর্তৃক শর্ত সাপেক্ষে বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের সম্মতি প্রদান করা হয়েছে।<br>• গত ৩০ জুন ২০২১ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগ হতে বিদ্যুৎ কেন্দ্রটি নির্মাণের নীতিগত অনুমোদন পাওয়া গেছে।<br>• গত ২৮ এপ্রিল ২০২২ খ্রিঃ তারিখে পিজিবি পিএলসি ২৩০ কেভি সাবস্টেশনের মাধ্যমে পাওয়ার ইভাকুয়েশনের সম্মতি প্রদান করেছে। |

| ক্রমিক নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত মূল্য ও সম্ভাব্য COD | প্রকল্পের লোকেশন | নেট আউটপুট | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|
| ০৬ | ১০ মেঃওঃআঃ ব্যাটারী স্টোরেজসহ গজারিয়া ৬৬ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র<br><br>**পুনর্গঠিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য:** ৭৫,৫৯৮.৩৬ লক্ষ টাকা<br><br>**সম্ভাব্য COD:** জুন-২০২৮ | মৌজাঃ ষোলআনী ও দৌলতপুর<br>ইউনিয়নঃ ইমামপুর<br>উপজেলাঃ গজারিয়া<br>জেলাঃ মুন্সিগঞ্জ। | ৬৬ মেঃওঃ | • ১০ মেঃওঃআঃ ব্যাটারী স্টোরেজসহ গজারিয়া ৬৬ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে আরপিসিএল কর্তৃক অধিগ্রহণকৃত ও উন্নয়নকৃত ২৫৪.০১ একর ভূমির মধ্যে ১৯০ একর জমি নির্ধারণ করা হয়েছে।<br>• গত ৩০ জুন ২০২১ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগ হতে সৌর বিদ্যুৎ কেন্দ্রটি নির্মাণের নির্দেশনা পাওয়া গেছে।<br>• গত ২৮ এপ্রিল, ২০২২ খ্রিঃ তারিখে পিজিবি পিএলসি হতে ১৩২ কেভিতে পাওয়ার ইভাকুয়েশনের সম্মতি গ্রহণ করা হয়েছে।<br>• গত ২৪ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ তারিখে প্রকল্পের পিডিপিপি মাননীয় উপদেষ্টা, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। অর্থায়নের জন্য ইআরডি-তে প্রক্রিয়াধীন।<br>• প্রকল্পের বৈদেশিক অর্থায়নের নিমিত্ত KfW আগ্রহ প্রকাশ করে Letter of Intent (LoI) প্রদান করেছে।<br>• পরামর্শক প্রতিষ্ঠান দ্বারা প্রকল্পের Detailed Feasibility Study, IEE, ESIA and Route Survey, LAP & RAP Study for 132 kV Transmission Line স্টাডিসমূহের কাজ সম্পন্ন হয়েছে।<br>• বিদ্যুৎ বিভাগের মতামতের ভিত্তিতে পূর্নগঠিত ডিপিপি গত ০৩.০৮.২০২৫ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগে দাখিল করা হয়েছে। স্রেডার মতামতের ভিত্তিতে ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান।<br>• ২০২৫-২০২৬ অর্থবছরের অননুমোদিত প্রকল্প তালিকায় (সবুজ পাতা) প্রকল্পটি অন্তর্ভুক্ত রয়েছে। |
| ০৭ | ১৫ মেঃওঃআঃ ব্যাটারী স্টোরেজসহ পটুয়াখালী ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র<br><br>**পিডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য:** ১,৪৩,৯৩৬.০০ লক্ষ টাকা<br><br>**সম্ভাব্য COD:** ডিসেম্বর, ২০২৮ | মৌজাঃ নিশানবাড়ীয়া, ধানখালী ও লোন্দা<br>ইউনিয়নঃ ধানখালী<br>উপজেলাঃ কলাপাড়া<br>জেলাঃ পটুয়াখালী। | ১০০ মেঃওঃ | • ১৫ মেঃওঃআঃ ব্যাটারী স্টোরেজসহ পটুয়াখালী ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের জন্য ৩০০ একর ভূমি অধিগ্রহণ ও ভূমি সুরক্ষা বাঁধ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।<br>• World Bank কর্তৃক প্রকল্পের Pre-Feasibility Study সম্পন্ন করা হয়েছে।<br>• গত ২৬ মে, ২০২৪ খ্রিঃ তারিখে প্রকল্পের পিডিপিপি পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। অর্থায়নের জন্য ইআরডি-তে প্রক্রিয়াধীন।<br>• গত ০৬ জুন, ২০২৪ খ্রিঃ তারিখে পিজিবি পিএলসি হতে পাওয়ার ইভাকুয়েশনের সম্মতি গ্রহণ করা হয়েছে।<br>• পরামর্শক প্রতিষ্ঠান দ্বারা প্রকল্পের Detailed Feasibility Study, IEE, ESIA, Transmission line এর Route Survey, LAP & RAP স্টাডিসমূহের কাজ সম্পন্ন হয়েছে।<br>• ২০২৫-২০২৬ অর্থবছরের অননুমোদিত প্রকল্প তালিকায় (সবুজ পাতা) প্রকল্পটি অন্তর্ভুক্ত রয়েছে। |
| ০৮ | পটুয়াখালী ৫০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র<br><br>**পিডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য:** ৮২,৮৭৫.০০ লক্ষ টাকা<br>**সম্ভাব্য COD:** ডিসেম্বর, ২০৩০ | মৌজাঃ নিশানবাড়ীয়া, ধানখালী ও লোন্দা<br>ইউনিয়নঃ ধানখালী<br>উপজেলাঃ কলাপাড়া<br>জেলাঃ পটুয়াখালী। | ৫০ মেঃওঃ | • পটুয়াখালীতে অধিগ্রহণকৃত ৯২১.৭৪ একর ভূমির আংশিক প্রকল্পটির জন্য ব্যবহৃত হবে।<br>• প্রকল্পের Pre-Feasibility Study সম্পন্ন হয়েছে।<br>• বিদ্যুৎ বিভাগ কর্তৃক পিডিপিপি প্রক্রিয়াকরণের নিমিত্ত পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>• গত ০৬ জুন, ২০২৪ খ্রিঃ তারিখে পিজিবি পিএলসি হতে পাওয়ার ইভাকুয়েশনের সম্মতি গ্রহণ করা হয়েছে।<br>• বিপিডিবি হতে Wind energy এর Grid Impact Study সংগ্রহ করা হয়েছে এবং পিডিপিপি প্রক্রিয়াকরণের নিমিত্ত পরিকল্পনা কমিশন কর্তৃক চাহিত তথ্যাদি বিদ্যুৎ বিভাগের মাধ্যমে প্রেরণ করা হবে। |